

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১২ ডিসেম্বর, ২০১৯

নং ২৮.০০.০০০০.০২৬.৩৫.০১৫.১৮-২৮৫—জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২২ ডিসেম্বর, ২০০৮ তারিখের জ্বালানি/(অপাঃ-১)বিপিসি/আর্থিক-৩৩/০৮/৬৯৫ নং স্মারকমূলে জারীকৃত বিভিন্ন প্রকারের পেট্রোলিয়াম পণ্যের মূল্য নির্ধারণ সংক্রান্ত গেজেটের ৭'ক' উপ-অনুচ্ছেদের দ্বিতীয় অংশ নিম্নরূপভাবে সংশোধন করা হইল এবং এই সংক্রান্ত ২৪ এপ্রিল, ২০১৭ তারিখের ২৮.০০.০০০০.০২৬.৪০.০২৩.১৬-১৩৩ সংখ্যক স্মারকমূলে জারীকৃত গেজেট রহিত করা হইল।

৭(ক) মূল স্থাপনা/নিকটতম ডিপো হইতে ৪০ কিলোমিটারের অধিক দূরত্বে অবস্থিত ডিলার/এজেন্টবৃন্দের বিক্রয় কেন্দ্রের জন্য ৪০ কিলোমিটারের অতিরিক্ত দূরত্বের ক্ষেত্রে প্রতি কিলোলিটার প্রতি কিলোমিটার ৩.২৫ টাকা হারে পরিবহন ভাড়া প্রদেয় হইবে।

৩। ২২ ডিসেম্বর, ২০০৮ তারিখ জারীকৃত এতদসংক্রান্ত প্রজ্ঞাপনের সময়ে সময়ে জারীকৃত সংশোধনসহ অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত থাকিবে।

৪। পূর্ণনির্ধারিত এই মূল্য হার গেজেট প্রকাশের তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এইচ. এম. খালিদ ইফতেখার  
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২৫৭৯১ )

মূল্য : টাকা ৪.০০